

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-১ শাখা  
অফিস আদেশ

তারিখ, ০৯ জুন ২০১৪ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৭০.২২.০২৮.১৪-২০৫—প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০৪-০৫-২০১৪ তারিখে অনুষ্ঠিত ১২শ সভার ২৭ নং সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যমান মডেল নিয়োগ বিধিমালাটি পরীক্ষা-নিরীক্ষা করে সময়োপযোগী করার বিষয়ে সুপারিশ প্রদান করার লক্ষ্যে 'মডেল নিয়োগ বিধিমালা হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি' নিম্নরূপভাবে গঠন করা হলো :

(ক) কমিটির গঠন :

(১) অতিরিক্ত সচিব (বিধি), জনপ্রশাসন মন্ত্রণালয়	আহবায়ক
(২) যুগ্ম-সচিব (বিধি-১), জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিবের নিম্নে নহেন)	সদস্য
(৪) অর্থ বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিবের নিম্নে নহেন)	সদস্য
(৫) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
(৬) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
(৭) উপ-সচিব (বিধি-১), জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) বিদ্যমান মডেল নিয়োগ বিধিমালাটি পরীক্ষা-নিরীক্ষা করিয়া সময়োপযোগী করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (২) কমিটি প্রয়োজনে নূতন সদস্য কো-অপ্ট করিতে পারিবে;
- (৩) কমিটি আগামী ১(এক) মাসের মধ্যে প্রতিবেদন প্রেরণ করিবে।

আবুল কাশেম মোঃ মহিউদ্দিন  
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ শাহ-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ১৫১৮৭ )

মূল্য : টাকা ৪.০০